

নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.২৫.৭০২.১৯.২৭৭

তারিখ: ১২ আষাঢ় ১৪৩০

২৬ জুন ২০২৩

অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস-এ কর্মরত নিম্নবর্ণিত কর্মকর্তা-এর বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরসহ তাঁর নামের পার্শ্বে বর্ণিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট দেশে গমন ও অবস্থানের অনুমতি প্রদান করা হলো।

ক্র:নং	নাম, পদবী, বর্তমান কর্মস্থল	দেশের নাম (ভ্রমণের উদ্দেশ্য)	ভ্রমণের সময়কাল ও ছুটির ধরণ	ছুটিকালীন দায়িত্ব পালনকারী কর্মকর্তা
১	জনাব মোঃ আবুল কালাম, প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), মূলপদ: সহকারী প্রধান শিক্ষক, বরগুনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বরগুনা	সৌদি আরব পবিত্র ওমরা হজ্জ পালন	পবিত্র ওমরাহ হজ্জ পালনের উদ্দেশ্যে আগামী ২০/০৭/২০২৩ হতে ০৩/০৮/২০২৩ তারিখ পর্যন্ত ১৫ (পনের) দিন অথবা যাত্রার তারিখ হতে ১৫ (পনের) দিন অর্ধগড় বেতনে অর্জিত ছুটি।	জনাব পারভীন বেগম, সিনিয়র শিক্ষক (শারীরিক শিক্ষা)

শর্তসমূহ:

- তিনি নিজ খরচে এ ভ্রমণ সম্পন্ন করবেন। এ ভ্রমণে বাংলাদেশ সরকার স্থানীয়/বৈদেশিক মুদ্রায় কোন খরচ বহন করবেনা;
- তিনি অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না এবং যথাসময়ে দেশে ফিরে এসে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে মন্ত্রণালয়কে অবহিত করবেন;
- যথাসময়ে তিনি কর্মস্থলে যোগদানে ব্যর্থ হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর মাধ্যমে নির্ধারিত তারিখ হতে ০৩ (তিন) দিনের মধ্যে তাঁর অনুপস্থিতির বিষয়ে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবেন;
- বিদেশে অবস্থানকালীন তিনি বাংলাদেশী মুদ্রায় বেতন-ভাতা প্রাপ্য হবেন;
- সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমণ ব্যয় তাঁর আয়কর হিসাব বিবরণীতে প্রদর্শন করতে হবে। বিদেশ ভ্রমণের পূর্বে তিনি কোন তারিখ থেকে ভ্রমণ করবেন তা কর্তৃপক্ষকে লিখিতভাবে জানাবেন এবং ভ্রমণ শেষে যোগদানের বিষয়টিও লিখিতভাবে কর্তৃপক্ষকে অবহিত করবেন।
- তিনি অনুমোদিত ছুটি ভোগ না করলেও মঞ্জুরকৃত ছুটি ভোগ হয়েছে মর্মে প্রতীয়মান হবে। মঞ্জুরকৃত ছুটি বাতিলযোগ্য নয়।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৬-৬-২০২৩

মোসাম্মৎ রহিমা আক্তার

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৬৬৭৯

নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.২৫.৭০২.১৯.২৭৭/১(১৭)

তারিখ: ১২ আষাঢ় ১৪৩০

২৬ জুন ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সিনিয়র সচিব, পররাষ্ট্র সচিবের দপ্তর, পররাষ্ট্র মন্ত্রণালয়
- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ৩) হাইকমিশনার, বাংলাদেশ হাইকমিশন/ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব
- ৪) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
- ৫) যুগ্মসচিব, সরকারি মাধ্যমিক অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৭) পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা
- ৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (এ বিভাগের ওয়েব-সাইটে প্রচারের অনুরোধসহ)
- ৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা, বহির্গমন বিভাগ (স্বল বন্দর), বেনাপোল, যশোর /হিলি, দিনাজপুর/বাংলাবান্দা, পঞ্চগড়/ভোমরা,সাতক্ষীরা
- ১০) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা
- ১১) আঞ্চলিক উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বরিশাল অঞ্চল, বরিশাল
- ১২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, বরগুনা
- ১৩) জনাব মোঃ আবুল কালাম, প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), মূলপদ: সহকারী প্রধান শিক্ষক, বরগুনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বরগুনা
- ১৪) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বরগুনা
- ১৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, বরগুনা সদর,বরগুনা
- ১৬) জনাব পারভীন বেগম, সিনিয়র শিক্ষক (শারীরিক শিক্ষা), বরগুনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বরগুনা
- ১৭) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-১ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২৬-৬-২০২৩

মোসাম্মৎ রহিমা আক্তার

সিনিয়র সহকারী সচিব